



## ফাইন্যান্স কোম্পানিসমূহের প্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন, ২০২৪

২০-২১ ডিসেম্বর ২০২৪

বাংলাদেশে কার্যরত ফাইন্যান্স কোম্পানিসমূহের মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎয়ন প্রতিরোধে দায়িত্বশীল ভূমিকা পালন ও সার্বিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর উদ্যোগে ২০-২১ ডিসেম্বর, ২০২৪ দুই দিনব্যাপী ফাইন্যান্স কোম্পানিসমূহের প্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন, ২০২৪ অনুষ্ঠিত হয়। ব্র্যাক সিডিএম, সাভার ঢাকায় আয়োজিত উক্ত সম্মেলনে বিএফআইইউ এর শীর্ষ কর্মকর্তাবৃন্দ এবং ফাইন্যান্স কোম্পানিসমূহের মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাগণ অংশ নেন।



সম্মেলনের প্রধান অতিথি হিসেবে হেড অব বিএফআইইউ (ভারপ্রাপ্ত) জনাব এ, কে, এম এহসান তাঁর বক্তব্যের শুরুতে মহান বিজয়ের এই মাসে ত্রিশ লক্ষ শহীদের আত্মত্যাগকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এছাড়াও, জুলাই-আগস্ট ২০২৪ এর ছাত্র গণঅভ্যুত্থানের শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন। জনাব এহসান উল্লেখ করেন যে, নানামুখী সংকটের মধ্যেও অন্তর্বর্তীকালীন সরকার অর্থনীতি ও আর্থিক খাতের পুনর্গঠনে সংস্কারমূলক বিভিন্ন উদ্যোগের ফলে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে। আর্থিক খাতে শৃংখলা ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে সুসংহত মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎয়ন প্রতিরোধ ব্যবস্থায় কেন্দ্রীয় সংস্থা হিসেবে বিএফআইইউ কাজ করে যাচ্ছে।



সাম্প্রতিক সময়ে ফাইন্যান্স কোম্পানিসমূহ থেকে নামে বেনামে ঋণ গ্রহণপূর্বক অর্থ আত্মসাতের বিভিন্ন অভিযোগের বিষয়ে তিনি উদ্বেগ প্রকাশ করেন। প্রধান অতিথি ঋণভিত্তিক মানিলভারিং এর বিষয়ে সতর্কতা এবং ঋণের গ্রাহক নির্বাচন থেকে শুরু করে ঋণ পরিশোধ পর্যন্ত প্রতিটি ধাপে কঠোর নজরদারির মাধ্যমে তা প্রতিরোধে সচেষ্ট থাকার জন্য ফাইন্যান্স কোম্পানিসমূহের CAMLCOবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। তিনি আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সর্বোচ্চ ব্যবস্থাপনা পরিষদকে সম্পৃক্ত করে ও মানিলভারিং প্রতিরোধে বিএফআইইউ এর নির্দেশনা পরিপালনে সচেষ্ট হওয়ার জন্য ফাইন্যান্স কোম্পানিসমূহের প্রধান নির্বাহী ও মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের আহ্বান জানান।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিএফআইইউ-এর পরিচালক জনাব মোঃ মোস্তাকুর রহমান। সম্মেলনের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স কোম্পানীজ এসোসিয়েশন (বিএলএফসিএ) এর চেয়ারম্যান জনাব গোলাম সরওয়ার ভূঁইয়া। এছাড়া, প্যানেল আলোচনায় বক্তব্য/প্রেজেন্টেশন উপস্থাপন করেন বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংকের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ, ক্যামেলকো, ডেপুটি ক্যামেলকোবৃন্দ।

সম্মেলনে ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে ঋণ ভিত্তিক মানিলভারিং এর কৌশল যথাঃ বেনামী/নাম সর্বস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে ঋণ গ্রহণ, জামানত হিসেবে কাল্পনিক সম্পদ ব্যবহার, অর্থের প্রকৃত সুবিধাভোগী আড়ালকরণ, ফান্ড ডাইভারশন, প্রাথমিক ও সহায়ক জামানতের অতিমূল্যায়ন এবং ইচ্ছাকৃত ঋণ খেলাপীদের বিষয়ে উল্লেখ করে তা প্রতিরোধে ঋণের গ্রাহকদের জন্য ঝুঁকি ভিত্তিক পদ্ধতি প্রয়োগ, গ্রাহকদের ব্যাকগ্রাউন্ড ও ব্যবসার প্রকৃতি বিশ্লেষণ, ঋণের প্রকৃত সুবিধাভোগী সনাক্তকরণ, ঋণের উদ্দেশ্য বিশ্লেষণ, ঋণ অনুমোদনের ক্ষেত্রে অযাচিত প্রভাব এড়ানো এবং কর্পোরেট সুশাসনের উপর গুরুত্বারোপ করা হয়। তবে একই সাথে দ্রুত বর্ধনশীল প্রযুক্তি নির্ভর ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস খাতে সৃষ্ট নিত্য-নতুন ঝুঁকি মোকাবেলায় আর্থিক প্রতিষ্ঠানের কর্মীদের প্রযুক্তিগত দক্ষতা ও প্রতিষ্ঠানিক সক্ষমতা গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন ও বিনিয়োগ বৃদ্ধির আহ্বান জানানো হয়। এছাড়া, বিভিন্ন প্রতিষ্ঠানে সাম্প্রতিক সময়ে সংগঠিত আলোচিত বিভিন্ন ঋণ ভিত্তিক দুর্নীতি অনিয়মের বিষয়েও পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যতে এ ধরনের দুর্নীতি অনিয়ম প্রতিরোধে কর্পোরেট গভর্নেন্স পরিপালনে গুরুত্বারোপ করা হয়।